মেহেরপুরে ২০০৯ সালের এসএসসি ব্যাচের কমিটি গঠন

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের এসএসসি ২০০৯ সালের ব্যাচের কমিটি গঠন করা হয়েছে। অনলাইনে ভোট গ্রহণের মাধ্যমে এই কমিটির সভাপতি-সম্পাদকসহ অন্যান্য সদস্য নির্বাচিন করা হয়।

কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন তানভির আল মামুন এবং সম্পাদক নির্বাচিত হয়েছেন সাইফুল ইসলাম মিঠু।

সামাজিক উন্নয়ন মূলক কর্মকান্ড করা ও সেচ্ছাসেবী কাজ করার জন্য এই কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন,সহ সভাপতি সেলিম পারভেজ, ইমন, রিয়াদ। যুগ্মসাধারণ সম্পাদক ইমরান, ফয়সাল অনিক,সুরুজ,সনজয়,সাংগঠনিক সম্পাদক মাহফুজুর রহমান নয়ন,দপ্তর সম্পাদক রাহিম,

অর্থ সম্পাদক মহিবুল ইসলাম কিরণ, প্রচার সম্পাদক মোহাম্মদ হাসান, আইন বিষয়ক সম্পাদক নির্ঝর,
শিক্ষা বিষয়ক সম্পাদক ইফতেখার রুমেল,
ধর্ম বিষয়ক সম্পাদক মাসুদ,

ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসিফ জ্যামান কোমল,চিকিৎসা বিষয়ক সম্পাদক মইন আসলাম খান, নির্বাহী সদস্য নাসিম রেজা, আজিজুল ইসলাম, আব্দুল হালিম ও শোহেল আহম্মেদ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে শিশু নিলয়

ফাউন্ডেশনের খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে শিশু নিলয় ফাউন্ডেশনের উদ্যোগে অসহায়, ক্ষতিগ্রস্ত, অসুস্থ, প্রতিবন্ধি, বয়স্ক, নারীদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১০ টার দিকে ফাউন্ডেশনের নিজস্ব কার্যালয়ে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

মেহেরপুর, বারাদী ও মুজিবনগর থেকে ৯৫ জন সদস্যের মাঝে সামাজিক দুরত্ব বজায় রেখে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপহার সামগ্রী বিতরণ করা হয়। এছাড়াও উপস্থিত ছিলেন এরিয়া ইনচার্জ আনোয়ার হোসেন, সিনিয়র শাখা ব্যবস্থাপক ইসরাফুল আলম সহ ফাউন্ডেশনের সকল কর্মকর্তারা।

মেহেরপুর কোন জোনের আওতায় সিদ্ধান্ত কাল

করোনা প্রতিরোধের জন্য জোন ভিত্তিক লকডাউন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। ইতিমধ্যে দেশের বিভিন্ন জায়গায় লকডাউন কার্যকরও করা হয়েছে। মেহেরপুরের পার্শ্ববর্তি জেলা চুয়াডাঙ্গার দর্শনার কিছু অংশ ও কুষ্টিয়ার কিছু অংশ লকডাউন করেছে স্থানীয় প্রশাসন।

মেহেরপুর কোন জোনের আওতায় থাকবে এ বিষয়ে কাল সিদ্ধান্ত দেবে করোনা প্রতিরোধ কমিটি।

করোনা প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক ও সিভিল সার্জন নাসির উদ্দিন জানান, মেহেরপুর কোন জোনের আওতায় আনা হবে এ বিষয়ে আগামীকাল বুধবার জেলা প্রশাসকের কার্যলয়ে একটি মিটিং অনুষ্ঠিত

হবে। এই মিটিংএ করোনা প্রতিরোধ কমিটির সভাপতি ও জেলা প্রশাসক আতাউল গনি সিদ্ধান্ত দেবেন।

মেপ্র/এমএফআর

গাংনী পুলিশের উদ্যোগে মাস্ক ও লিফলেট বিতরন

করোনা প্রতিরোধ ও জনসচেতনতায় মেহেরপুরের গাংনী থানা পুলিশের উদ্যোগে বিভিন্ন শ্রেনী পেশার মানুষের মাঝে মাস্ক ও লিফলেট বিতরন করা হয়েছে।

মঙ্গলবার বেলা ১১ টার সময় গাংনী বাজার বাসস্ট্যান্ডে মাস্ক বিতরণ কালে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমানের নেতৃত্বে আরো উপস্থিত ছিলেন ওসি তদন্ত সাজেদুল ইসলাম।

গাংনী থানা পুলিশের এসআই স্বপন,এসআই হাবিব,এসআই নারদসহ এএসআই ও কনস্টেবল বৃন্দরা ।

এসময় ওসি ওবাইদুর রহমান বলেন,আজ আপনারা যারা মাস্ক পরে বাহিরে আসেননি তাদেরকে আজ বিনামুল্যে মাস্ক পরিয়ে দেয়া হয়েছে শুধু মাত্র সতর্ক করার জন্য। সরকার এর জন্য কঠোর আইন করেছে। মাস্ক ব্যাতিত বাহিরে বের হলে জেল অথবা জরিমানান বিধান রয়েছে।

মানুষের মাঝে সচেতনতা বৃদ্ধিতে এসময় বাজারের বিভিন্ন সড়কে মাইকিং করা হয়। গাংনী থানা পুলিশের এই মাস্ক বিতরন কার্যক্রম অব্যাহত থাকবে বলে থানা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।

গাংনীতে ডেকোরেটর মালিক-শ্রমিকদের মাঝে খাদ্য সহায়তা

মেহেরপুরের গাংনীতে ডেকোরেটর মালিক ও শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রাপ্ত খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

মঙ্গলবার সকাল সোয়া ১০টার দিকে গাংনী বাজারে কাশেম ডেকোরেশন এর সামনে থেকে এ খাদ্য সহায়তা প্রদান করা হয়।

ডেকোরেশন অ্যাসোসিয়েশনের সভাপতি মতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খাদ্য সহায়তা প্রদানের উদ্বোধন ঘোষণা করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পৌর মেয়র আশরাফুল ইসলাম, পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, ট্যাগ অফিসার হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক।

এ সময় খাদ্য সহায়তা হিসেবে ১৪৪ জলের মাঝে ১৫ কেজি করে চাল প্রদান করা হয়েছে।

সড়ক দুর্ঘটনায় নিহত মুজিবনগরের শ্যামলের মাথা উদ্ধার

রাজবাড়িতে সড়ক দুর্ঘটনায় নিহত হওয়া মুজিবনগরের একই পরিবারের তিনজনের মধ্যে শ্যামল মন্ডলের মাথা উদ্ধার করেছে রাজবাড়ি পুলিশ। গত রবিবার সকালে দুর্ঘটনার পর শ্যামল মন্ডলের দেহ উদ্ধার করা গেলেও মাথা নিখোঁজ ছিল। সোমবার সকাল ৯টার দিকে দুর্ঘটনাকবলীত ট্রাকের নিচে থেকে তার মাথাটি উদ্ধার করা হয়।

পরে মুজিবনগরের বল্লবপুর থেকে নিহত শ্যামল মন্ডলের পরিবারের

লোকজন গিয়ে তার মাথাটি নিয়ে আসে। বিকালে খিষ্ট্র ধর্মীয় রীতি অনুযায়ী মাথাটি বল্লভপুর কবর স্থানে দাফন করা হয়।

বাগোয়ান ইউপি সদস্য বল্লভপুর গ্রামের শংকর বিশ্বাস বিষয়টি নিশ্চিত করে বলেন, গতকালের দুর্ঘটনার সময় শ্যামল মন্ডলের মাথা বিচ্ছিন্ন থাকায় খুজে পেয়েছিলাম না। আমরা মাথাবিহীন দেহ নিয়ে এসে স্থানীয় কবর স্থানে দাফন করি। সোমবার মাথাটি উদ্ধারের পর সেটি আবার একই কবর স্থানে দাফন করা হয়।

দুর্ঘটনায় আহত বিপুল বিশ্বাস ও তার শাশুড়ী ডেজিনা নিজ বাড়ি বল্লভপুর ফিরেছে এবং কার চালক রাজন বর্তমানে ঢাকার এনাম মেডিকেলের আইসিইউতে চিকিৎসাধীন আছে।

এদিকে একই পরিবারের তিনজনকে হারিয়ে দিশেহারা হয়ে পড়েছে পরিবারের অন্য সদস্যরা। এছাড়াও গ্রামজুড়ে চলছে শোকের মাতম। এতবড় দুর্ঘটনা যেন কেউ মেনে নিতে পারছে না। দুর্ঘটনা থেকে বেঁচে ফেরা বিপুল বিশ্বাস পরিবার হারানোর শোকে বার বার মুর্ছে পড়ছেন। উল্লেখ্য, গত রবিবার ঢাকা-খুলনা মহাসড়কে রাজবাড়ি সদর উপজেলার খানখানাপুর ছোটব্রিজ এলাকায় ট্রাক ও প্রাইভেট কারের সংঘর্ষে ৪ জন নিহত ও ৩ জন আহত হয়। নিহতরা হলেন মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের একই পরিবারের বাগোয়ান ইউপি সদস্য শংকর বিশ্বাসের ছোট ভায় বিপুল বিশ্বাসের স্ত্রী সূব্রতা(৩০), ছেলে নিশান(৬) শ্যালক শ্যামল মন্ডল(২৬) এবং ট্রাকের হেলপার। আহতরা হলেন, বিপুল বিশ্বাস ও তার শাশুড়ি ডেজিনা এবং কার চালক রাজন।

মেপ্র/এমএফআর

গাংনীর চাল বিক্রি করে নগদায়ন করা অনিয়ম হয়নি — তদন্ত কমিটি

গাংনী খাদ্য গুদাম থেকে সরবরাহকৃত চাল চুয়াডাঙ্গার দুটি গোডাউন থেকে জব্দ করা হয়। জব্দকৃত চাল সঠিক প্রক্রিয়ায় সরবরাহ করা হয়েছে এবং তার বিক্রি করে নগদায়ন করায় কোন অনিয়ম হয়নি বলে প্রতিবেদনে

উল্লেখ করেছেন তদন্ত কমিটি।
সোমবার দুপুরে এ তদন্ত প্রতিবেদন প্রকাশ করা হয়। গত বৃহস্পতিবার তদন্ত কমিটির সদস্যরা দুই জেলা প্রশাসকের কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।
মেহেরপুর জেলা প্রশাসন গঠিত তদন্ত প্রতিবেদনে দুটি বিষয়ে সুপারিশ করা হয়েছে প্রথমটি প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সভাপতিগনের প্রকল্প কমিটির সদস্যদের এবং স্থানীয় উপকারভোগীদের অবগত করার বিষয়ে সচেতনতার অভাব ছিলো। একানে জনমনে সন্দেহ বা উদ্রেক হয়েছিলো। এছাড়া বিদ্যমান নীতিমালা অনুযায়ী বরাদ্দকৃত চালে ৬০ ভাগ বিক্রয় করে নগদায়ন করার সুযোগ রয়েছে। দ্বিতীয়টি, প্রকল্প সমুহ যেন সঠিক ভাবে বাস্তবায়ন হয় এবং কোন অনিয়ম যেন না হয় এজন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশ দেয়া যেতে পারে বলে সুপারিশ করা হয়েছে।
চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার জানিয়েছেন, ৩৭ টন (১২শ’৬৬ বস্তা) চাল বিক্রয়ে কোন অনিয়ন পাওয়া যায়নী। চাল মালিকদের কাছে চাল বুঝিয়ে দেয়া হবে।
উল্লেখ্য: সোমবার সকালে চুয়াডাঙ্গা পৌর এলাকার সাতগাড়ীর গোডাউন দুটিকে ৩৭ টন (১২শ’৬৬ বস্তা) চালসহ সিলগালা করে উপজেলা প্রশাসন। এ ঘটনায় চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা প্রশাসন পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করে। কমিটিতে ৩ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়।

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে ৫২ জনকে ২৬ হাজার ৫’শ টাকা জরিমানা

করোনার সংক্রমন রোধে সামাজিক দুরত্ব না মানা ও নির্দিষ্ট সময়ের পর ব্যবসায় প্রতিষ্ঠান খোলা রাখার অপরাধে ঝিনাইদহে ৫২ জনকে ২৬ হাজার ৫শত টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। রোববার সকাল থেকে বিকাল পর্যন্ত জেলা সদরসহ বিভিন্ন উপজেলায় এ অভিযান চালানো হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, করোনার সংক্রমন রোধে জেলা ব্যাপী ভ্রাম্যমাণ আদালত চালানো হচ্ছে। এসময় বিনা কারণে বাইরে ঘোরাঘুরি করা, মাস্ক ব্যবহার না করা ও নির্দেশ অমান্য করে দোকান খোলার অপরাধে ৫২ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়। এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে কৃষকের বাড়িতে ডাকাতি, গরু, নগদ টাকাসহ স্বর্ণালংকার লুট

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী গ্রামে সুলতান মিয়া নামের এক কৃষকের বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। সোমবার রাতে এ ঘটনা ঘটে। এ সময় কৃষকের ৮ টি গরু, নগদ টাকা, স্বর্ণালংকার, মোবাইল, বিদেশীয় কম্বলসহ মালামাল লুট করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে।

ভুক্তভোগিরা জানায়, গেল রাত আড়াই টার দিকে ট্রাক ও পিকআপ নিয়ে একদল ডাকাত পুলিশ পরিচয়ে কৃষক সুলতান মিয়ার বাড়িতে ঢোকে। এসময় তারা বাড়ির ৭ সদস্যকে অস্ত্রের মুখে জিম্মি করে একটি কক্ষে আটকে রাখে। পরে ৬ ভরি স্বর্ণালংকার, নগদ সাড়ে ১৬ হাজার টাকা ও ৫ টি মোবাইল ফোন লুটে নেয়। প্রায় এক ঘন্টা ধরে লুটপাট চালায়। এরপর গোয়াল থেকে ৮টি গরু ট্রাকে তুলে নিয়ে পালিয়ে যায়। সকালে তারা রুমের জানালা ভেঙ্গে বাইরে এসে প্রতিবেশীদের খবর দেয়।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ^◌াস জানান, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থল পরিদর্শর্ন করেছে। থানায় মামলা হয়েছে। পুলিশ ডাকাতদের গ্রেফতারে অভিযান শুরু করেছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]